

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউপি ২-শাখা  
www.lgd.gov.bd


স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০৪৮.২০১৫- ৫০২

তারিখঃ ১৫ কার্তিক, ১৪২৪  
৩০ অক্টোবর, ২০১৭

বিষয়ঃ বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে আপনার জেলার আওতাধীন ইউনিয়ন পরিষদ সমূহের বকেয়া বিদ্যুৎ বিল ১৫/১১/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে পরিশোধের নির্দেশনা প্রদানপূর্বক এ বিভাগকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০১(এক) পাতা।

  
(ড. সৈয়দা নওশীন পার্বিনী)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন-৯৫১৪১৯০

বিতরণঃ

১। জেলা প্রশাসক (সকল)-----জেলা।

২। উপ-পরিচালক (ডিডিএলজি), স্থানীয় সরকার (সকল), ----- জেলা।

অনুলিপিঃ

১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(প্রশাসন-১ শাখা)  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০২৮. ২০১২-১৮-৬৬


তারিখঃ ১১ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ  
২৬ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ প্রসংগে।

দেশের আর্থ-সামাজিক উন্নয়নে বিদ্যুতের ভূমিকা অপরিসীম। সরকার স্বল্প, মাধ্যম ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণপূর্বক বিদ্যুতের উৎপাদন বৃদ্ধি করে সঞ্চালন ও বিতরণ ব্যবস্থা উন্নয়নের প্রয়াস গ্রহণ করেছে। বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণে সরকারের প্রচুর অর্থ ব্যয় হচ্ছে। এই উৎপাদন প্রক্রিয়া অব্যাহত রেখে ভবিষ্যতে আরও বৃদ্ধি করতে প্রচুর অর্থের প্রয়োজন। কিন্তু বিভিন্ন সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের নিকট বিপুল পরিমাণ বিদ্যুৎ বিল দীর্ঘদিন বকেয়া থাকার কারণে বিদ্যুৎ ব্যবস্থা পরিচালনা ও পরিকল্পনা বাস্তবায়ন বাধাগ্রস্ত হচ্ছে।

২। বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানিসমূহকে বিদ্যুৎ ক্রয় করে গ্রাহককে বিতরণ করতে হয়। বিদ্যুৎ বিল বকেয়া থাকার কারণে বিতরণকারী সংস্থা/কোম্পানিসমূহকে আর্থিক সংকটে পড়তে হচ্ছে। বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানিসমূহকে সঠিক সময়ে বিদ্যুৎ বিল পরিশোধ করা একান্ত অপরিহার্য।

৩। এমতাবস্থায়, স্থানীয় সরকার বিভাগের আওতাধীন ইউনিয়ন পরিষদসমূহ আগামী ১৫/১১/২০১৭ তারিখের মধ্যে বকেয়া বিদ্যুৎ বিল জমাপূর্বক এ বিভাগকে প্রমাণকসহ অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

  
(মুহাম্মদ ইকবাল হোসাইন)  
উপসচিব

ফোন- ৯৫৭৫৫৭৩

e-mail: lgadmin1@lgd.gov.bd

চেয়ারম্যান

----- ইউনিয়ন পরিষদ

উপজেলা -----

জেলা -----

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েবসাইটে প্রকাশের জন্য)।